



## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ডাকবাক্স নং ৩২৫

ঢাকা

বাংলাদেশ

[www.bangladesh-bank.org.bd](http://www.bangladesh-bank.org.bd)

কৃষি ঋণ বিভাগ  
(পলিসি শাখা)

এসিডি সার্কুলার নং:১৬

১৮ অগ্রহায়ন, ১৪১৬  
তারিখ \_\_\_\_\_  
০২ ডিসেম্বর, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/কান্টি হেড  
সকল তফসিলী ব্যাংক  
ঢাকা/রাজশাহী

প্রিয় মহোদয়,

শুধুমাত্র শস্য/ফসল চাষের জন্য ১.৫০ লক্ষ টাকা পর্যন্ত স্বল্পমেয়াদী কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে  
সিআইবি ইনকেয়ারী ও সিআইবি রিপোর্টিং-এর বাধ্যবাধকতা শিথিলকরণ প্রসঙ্গে।

শীর্ষোক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কৃষক পর্যায়ে সময়মত ও দ্রুততার সাথে কৃষি ঋণ C-পৌছানো  
অব্যাহত রাখার স্বার্থে শুধুমাত্র শস্য/ফসল উৎপাদনের জন্য সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা পর্যন্ত স্বল্পমেয়াদী কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে  
ব্যাংকসমূহ কর্তৃক সিআইবি ইনকেয়ারী ও সিআইবি রিপোর্টিং-এর বাধ্যবাধকতা শিথিল করা হলো।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, ২০১০-২০১১ অর্থবছরের কৃষি/পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচীর ৫.০৮ অনুচ্ছেদ অনুযায়ী “লিড  
ব্যাংক” পদ্ধতির আওতায় কোনো নির্দিষ্ট ইউনিয়নের জন্য নির্ধারিত ব্যাংক শাখার বাইরে অপর কোনো ব্যাংক শাখা কর্তৃক উক্ত  
ইউনিয়নে কৃষি ঋণ বিতরণ করতে হলে সংশ্লিষ্ট ব্যাংকশাখা হতে অনাপত্তিপ্র নেওয়ার শর্ত যথারীতি বহাল থাকবে; যাতে খেলাপী  
ঋণগ্রহীতা নতুন ঋণসুবিধা গ্রহণ করতে না পারেন।

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক ধ্রাপ্তিষ্ঠাকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এস, এম, মনিরজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোন ৭১২০৯৮৭